



মামলা হলে আমাকেই প্রধান আসামি করা হোক: রুমিন ফারহানা



রুমিন ফারহানা। ছবি: সংগৃহীত

ব্রাহ্মণবাড়িয়ার সরাইল থানার ওসি মনজুর কাদের ভূঁইয়ার সঙ্গে বাদানুবাদের ঘটনায় মামলা হলে নিজেকেই প্রধান আসামি করার দাবি জানিয়েছেন সংসদ সদস্য ব্যারিস্টার রুমিন ফারহানা।

শনিবার (২৪ অক্টোবর) সাংবাদিকদের কাছে পাঠানো এক লিখিত বক্তব্যে তিনি এ কথা বলেন। এর আগে বৃহস্পতিবার রাতের ঘটনার বিষয়ে পুলিশের সাধারণ ডায়েরি (জিডি) করার খবর প্রকাশ্যে আসে।

রুমিন ফারহানা জানান, গত ২৩ অক্টোবর ওসির বিরুদ্ধে ব্রাহ্মণবাড়িয়ার পুলিশ সুপারের কাছে লিখিত অভিযোগ দিয়েছেন। অভিযোগের ভিত্তিতে কী বিভাগীয় ব্যবস্থা নেওয়া হয়, তা দেখার অপেক্ষায় রয়েছেন তিনি। যথাযথ ব্যবস্থা না নিলে পরবর্তী কর্মসূচি ঘোষণা করবেন বলেও জানান।

জিডির বিষয়ে তিনি বলেন, ‘সরাইল থানার ঘটনাকে কেন্দ্র করে যদি কোনো মামলা করা হয়, তাহলে সেই মামলায় আমাকেই যেন এক নম্বর আসামি করা হয়।’

ব্রাহ্মণবাড়িয়ার অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) মোহাম্মদ আরাফাতুল ইসলাম জানান, বৃহস্পতিবারের ঘটনা উল্লেখ করে একটি জিডি করা হয়েছে। এটি কোনো অভিযোগ নয়; উল্লেখযোগ্য ঘটনা ঘটলে পুলিশ সাধারণত জিডি করে রাখে।

বৃহস্পতিবার রাতে দুর্গাপূজার মণ্ডপ পরিদর্শনে গিয়ে নিরাপত্তা না পাওয়া এবং ওসির বিরুদ্ধে অনিয়ম-দুর্নীতির অভিযোগের বিষয়ে জানতে সরাইল থানায় যান রুমিন ফারহানা। তাঁর অভিযোগ, পূজামণ্ডপ পরিদর্শনের সময় নিরাপত্তার ব্যবস্থা না করায় ওসির কাছে বিষয়টি জানতে গেলে তাঁদের মধ্যে বাদানুবাদ হয়।